

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ,  
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।  
Website: dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৯১.৪৭.২৩৭.১৯-১১৬৭(১২)

তারিখঃ-২৭/০৭/২০২০খ্রিঃ

বিষয়ঃ খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের বিভিন্ন স্থাপনায় সরবরাহকৃত বিনির্দেশ বহির্ভূত বস্তার তথ্যসহ নমুনা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এবং অন্যান্য কর্মকর্তাগণ মাঠপর্যায়ে পরিদর্শনকালে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন এলএসডি, সিএসডি ও সাইলোসমূহে গৃহীত নতুন খালি বস্তা (কোয়ালিটি সনদ প্রদত্ত/ প্রদানের জন্য অপেক্ষমান অবস্থায়) যাচাই করে বিনির্দেশ বহির্ভূত, নিম্নমানের ও পুরাতন বস্তার অস্তিত্ব পেয়েছেন। এ প্রেক্ষাপটে ২০১৯-২০ অর্থ বছরে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত যে সকল খালি বস্তা বিভিন্ন প্রাপক কেন্দ্রে এখনও অব্যবহৃত রয়েছে সেগুলো পূর্ণাঙ্গ যাচাইয়ের মাধ্যমে ত্রুটিযুক্ত বস্তার বাস্তব চিত্র উদঘাটন জরুরি হয়ে পড়েছে। যে সকল বস্তার কোয়ালিটি সনদ ইত্যমধ্যে প্রদান করা হয়েছে সেগুলোও এ যাচাইয়ের অন্তর্ভুক্ত করতে হবে। সকল বস্তার মান পূঞ্জানুপূঞ্জরূপে যাচাই করে নিম্নোক্ত ছকে তথ্য সন্নিবেশপূর্বক সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক, সাইলো অধীক্ষক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের মতামতসহ প্রতিবেদন ও নমুনা বস্তা বিশেষ বাহক মারফত আগামী ০৯/০৮/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সারণি

ক্রমিক নং	জেলা	উপজেলা	এলএসডি/ সিএসডি/ সাইলো	বস্তার ধরণ (৩০কেজি/ ৫০কেজি)	ত্রুটিযুক্ত বস্তার সংখ্যা (আইডি ওয়ারি)	ত্রুটির বিবরণ	সবরাহকারী প্রতিষ্ঠানের নাম	কোয়ালিটি সনদ প্রদান করা হয়েছিল কিনা	আইডি ওয়ারি ত্রুটিযুক্ত নমুনা বস্তার সংখ্যা (কেন্দ্রওয়ারি অনধিক ৫টি)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, (সকল)।
- ২। সাইলো অধীক্ষক, (সকল)।


স্মারক নং- ১৩.০১.০০০০.০৯১.৪৭.২৩৭.১৯-১১৬৭/১২(৬৮)

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে/কাযার্থেঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সকল;
- ৫। অফিস কপি।

স্বাঃ-  
(আলমগীর কবির)  
উপপরিচালক, সংগ্রহ বিভাগ  
ফোন-০২৯৫৫৬১৯  
Email:dd.ip@dgfood.gov.bd  
dproc@dgfood.gov.bd  
তারিখঃ-২৭/০৭/২০২০খ্রিঃ

  
27/07/2020  
(আলমগীর কবির)  
উপপরিচালক, সংগ্রহ বিভাগ  
ফোন-০২৯৫৫৬১৯

  
27/07/2020